# দরপত্র বিজ্ঞপ্তি

১। **প্রতিষ্ঠানের নামঃ** এরিয়া সদর দপ্তর সাভার, সাভার সেনানিবাস।

২। **কাজের বিবরণঃ** ২০২৬-২০২৭ অর্থ বছরের সশস্ত্রবাহিনী দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে (১৪৪৩৩ জন জনবলের) আয়োজিত উৎসবের ব্যয় নির্বাহ বাবদ।

৩। **টেন্ডার শিডিউল বিক্রয়ের তারিখঃ** বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৪ দিন পর্যন্ত (মোট ১৪ দিন)।

৪। **শিডিউল বিক্রয়ের শেষ তারিখঃ** বিজ্ঞপ্তি প্রকাশের ১৪তম দিন ১২০০ ঘটিকা পর্যন্ত (মোট ১৪ দিন)।

৫। **দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়ঃ** বিজ্ঞপ্তি প্রকাশের ১৪তম দিন ১২০০ ঘটিকার মধ্যে।

৬। **দরপত্র খোলার তারিখঃ** দরপত্র দাখিলের শেষ তারিখ ১২৩০ ঘটিকায়।

লেঃ কর্নেল
অধিনায়ক
এরিয়া সদর দপ্তর সাভার

# TENDER NOTICE

1. **Name of the Institution:** Area Headquarter Savar, Savar cantt.

2. **Job Description:** Expenses of the festival organized on the occasion of the celebration of Armed Forces Day 2026 in the financial year 2026-2027 (14433 personnel).

3. **Date of Selling tender schedule:** Up to14 days from the date of publication of the notice (14 days).

4. **Last date of Selling schedule:** Up to 1200 hours on the 14th day of publication of the notice (Total 14 days).

5. **Last date and time for submisson of the Tender schedule:** Within 1200 hours on the 14th day of publication of the notice.

6. **Date of Tender opening:** The deadline for opening Tenders is 1230 hours.

Lt Col
CO
Area HQ Savar

সীমিত

সেনাসদর
এজি'র শাখা (পিএস পরিদপ্তর)
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ সামরিক-২৫১২

২৩.০১.৯০১.০৩৮.০৩.০২৯.০১. ২৮ .০৭.২৬/৩

২৮ জুলাই ২০২৬

**<u>সশস্ত্র বাহিনী দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে অর্থ বরাদ্দ করণ প্রসঙ্গে</u>**

**বরাতঃ**

ক। সেনাসদর, জিএস শাখা, বাজেট পরিদপ্তর পত্র নং ২৩.০১.৯০১.০২৯.০২.০১০.১৩.০৬.০৭.২৬ তারিখ ০৬ জুলাই ২০২৬ (সকলকে নয়)।

১। বিগত বছরের ন্যায় এ বছরও সশস্ত্র বাহিনী দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। এ উপলক্ষে ঢাকায় এবং অন্যান্য সকল ফরমেশনে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হবে। সশস্ত্র বাহিনী দিবসে আয়োজিতব্য অনুষ্ঠানের ব্যয়ভার সংকুলানের জন্য চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য প্রাথমিক বাজেট বরাদ্দ করা হয়েছে। সেনাসদর, জিএস শাখা (বাজেট পরিদপ্তর) হতে প্রাপ্ত বাজেটের কোড নং ১১৯০৬০১১০৪২৩৩/ ৩২৫৭৩০১।

২। বর্ণিত খাতে বাজেট সুষ্ঠুভাবে উপ-বরাদ্দ করার জন্য ফরমেশন/ এরিয়াসমূহের নিকট হতে ইতোমধ্যে জনবলের পরিসংখ্যান গ্রহণ করা হয়েছে। সশস্ত্র বাহিনী দিবস-২০২৬ এর ব্যয়ভার সংকুলানের জন্য প্রাপ্ত বাজেট সর্বমোট জনবলের (১,৯১,৬৪২ জন) পরিসংখ্যান অনুযায়ী সেনাবাহিনীর বিভিন্ন এরিয়া/ পরিদপ্তর/ ইউনিটের অনুকূলে মাথাপিছু ১০০.০০ টাকা হারে নিম্নবর্ণিতভাবে উপ-বরাদ্দ করা হলো। উপ-বরাদ্দের বিস্তারিত হিসাব নিম্নরূপঃ

| ক্রমিক | ফরমেশন/ এরিয়া/ ইউনিটসমূহ | ২০২৬-২০২৭ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ | |
|---|---|---|---|
| | | অংকে | কথায় |
| ১। | <u>সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া</u><br>{সদর দপ্তর লজিস্টিক্স এরিয়া ২০১৬২ জন (সেনাসদর প্রশাসনিক শাখা এবং আর্মি এমপি ইউনিটসহ), আর্মি এভিয়েশন গ্রুপ ১১২৬ জন, ৬ এডি ব্রিগেড ২২৯২ জন, ১৪ ইঞ্জিঃ ব্রিগেড ২৩২৩ জন, ৮৬ সিগন্যাল ব্রিগেড ১৭৮৪ জন, ৪৬ পদাতিক ব্রিগেড ৩২৫৮ জন এবং ২৪ ইঞ্জিঃ কনস্ট্রাকশন ব্রিগেড এর ১৮৮৫ জন জনবলসহ সর্বমোট ৩২৮৩০ জন} | ৩২,৮৩,০০০.০০ | বত্রিশ লক্ষ তিরাশি হাজার টাকা মাত্র |
| ২। | <u>এরিয়া সদর দপ্তর বরিশাল</u><br>(এরিয়া সদর দপ্তর বরিশাল ১০৩৬ জন এবং ৭ পদাতিক ডিভিশনের ৮২৭৯ জন জনবলসহ সর্বমোট ৯৩১৫ জন) | ৯,৩২,০০০.০০ | নয় লক্ষ বত্রিশ হাজার টাকা মাত্র |
| ৩। | <u>এরিয়া সদর দপ্তর সাভার</u><br>(এরিয়া সদর দপ্তর সাভার ১৯৬৬ জন এবং ৯ পদাতিক ডিভিশনের ১২৪৬৭ জন জনবলসহ সর্বমোট ১৪৪৩৩ জন) | ১৪,৪৪,০০০.০০ | চৌদ্দ লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা মাত্র |
| ৪। | <u>এরিয়া সদর দপ্তর কক্সবাজার</u><br>(এরিয়া সদর দপ্তর কক্সবাজার ১১৪৯ জন এবং ১০ পদাতিক ডিভিশনের ১২৯৫৯ জন জনবলসহ সর্বমোট ১৪১০৮ জন) | ১৪,১১,০০০.০০ | চৌদ্দ লক্ষ এগারো হাজার টাকা মাত্র |
| ৫। | <u>এরিয়া সদর দপ্তর বগুড়া</u><br>(এরিয়া সদর দপ্তর বগুড়া ৮১৯১ জন এবং ১১ পদাতিক ডিভিশনের ১৩৬২৪ জন জনবলসহ সর্বমোট ২১৮১৫ জন) | ২১,৮২,০০০.০০ | একুশ লক্ষ বিরাশি হাজার টাকা মাত্র |
| ৬। | <u>এরিয়া সদর দপ্তর সিলেট</u><br>(এরিয়া সদর দপ্তর সিলেট ১৩৮২ জন, ১৭ পদাতিক ডিভিশন ৯০৮০ জন এবং প্যারা কমান্ডো ব্রিগেড এর ১৩১৫ জন জনবলসহ সর্বমোট ১১৭৭৭ জন) | ১১,৭৮,০০০.০০ | এগারো লক্ষ আটাত্তর হাজার টাকা মাত্র |
| ৭। | <u>এরিয়া সদর দপ্তর ঘাটাইল</u><br>(এরিয়া সদর দপ্তর ঘাটাইল ১০৫৭ জন, ১৯ পদাতিক ডিভিশন ১০৬৮৪ জন এবং আর্টডক এর ১৪৫২ জন জনবলসহ সর্বমোট ১৩১৯৩ জন) | ১৩,২০,০০০.০০ | তেরো লক্ষ বিশ হাজার টাকা মাত্র |
| ৮। | <u>এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম</u><br>(এরিয়া সদর দপ্তর চট্টগ্রাম ১১১৫০ জন, ২৪ পদাতিক ডিভিশন ১৮৭৫৬ জন, ৭ এডি ব্রিগেড ১৫৪০ জন এবং ৩৪ ইঞ্জিঃ কনস্ট্রাকশন ব্রিগেড এর ১৬২২ জন জনবলসহ সর্বমোট ৩৩০৬৮ জন) | ৩৩,০৭,০০০.০০ | তেত্রিশ লক্ষ সাত হাজার টাকা মাত্র |

| ক্রমিক | ফরমেশন/ এরিয়া/ ইউনিটসমূহ | ২০২৬-২০২৭ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ | |
|---|---|---|---|
| | | অংকে | কথায় |
| ৯। | <u>এরিয়া সদর দপ্তর কুমিল্লা</u><br>(এরিয়া সদর দপ্তর কুমিল্লা ১৯২৭ জন এবং ৩৩ পদাতিক ডিভিশনের ৯৯২৮ জন জনবলসহ সর্বমোট ১১৮৫৫ জন) | ১১,৮৬,০০০.০০ | এগারো লক্ষ ছিয়াশি হাজার টাকা মাত্র |
| ১০। | <u>এরিয়া সদর দপ্তর যশোর</u><br>(এরিয়া সদর দপ্তর যশোর ৩৯৬৪ জন এবং ৫৫ পদাতিক ডিভিশনের ১১০৮৯ জন জনবলসহ সর্বমোট ১৫০৫৩ জন) | ১৫,০৬,০০০.০০ | পনেরো লক্ষ ছয় হাজার টাকা মাত্র |
| ১১। | <u>এরিয়া সদর দপ্তর রংপুর</u><br>(এরিয়া সদর দপ্তর রংপুর ২৯৬২ জন এবং ৬৬ পদাতিক ডিভিশনের ১১২৩৩ জন জনবলসহ সর্বমোট ১৪১৯৫ জন) | ১৪,২০,০০০.০০ | চৌদ্দ লক্ষ বিশ হাজার টাকা মাত্র |
| সর্বমোট | | ১,৯১,৬৯,০০০.০০ (এক কোটি একানব্বই লক্ষ উনসত্তর হাজার টাকা মাত্র) | |

৩। বরাদ্দকৃত অর্থ খরচের ব্যাপারে নিম্নোক্ত বিষয় সমূহের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হলোঃ

ক। বরাদ্দকৃত অর্থের মধ্যেই চলতি অর্থ বছরের যাবতীয় ব্যয় সংকুলান করতে হবে। **কোনভাবেই বাজেটের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না।**

খ। বরাদ্দকৃত অর্থের নগদায়ন প্রক্রিয়া **মে ২০২৭** মাসের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, বরাদ্দকৃত সাধারণ কোডের **(১১৯০৬০১১০৪২৩৩/ ৩২৫৭৩০১- সশস্ত্র বাহিনী দিবসের ব্যয়)** অনুকূলে নগদায়ন সম্পন্ন করতে হবে। **কোনভাবেই অন্য কোন কোড হতে অর্থ নগদায়ন করা যাবে না।** এসংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট ডিডিও এর সাথে প্রয়োজনীয় সমন্বয় করতে অনুরোধ করা হলো।

গ। সংশ্লিষ্ট কোডে বরাদ্দকৃত অর্থ হতে **১৪ জুন ২০২৭** পর্যন্ত সম্ভাব্য সকল ব্যয় সংকুলান করা যাবে এবং সম্ভাব্য অব্যয়িত অর্থ **৩১ মে ২০২৭** তারিখের মধ্যে অবশ্যই এই পরিদপ্তরের নিকট সমর্পন করতে হবে।

ঘ। সংশ্লিষ্ট কোডে শুধুমাত্র সুনিশ্চিত খরচের বিলই সংশ্লিষ্ট এফসি'র নিকট প্রেরণ করতে হবে। তবে পাশকৃত নগদ অর্থ কোন কারণে খরচ করা সম্ভব না হলে যথাযথ কোডে টিআর করে সরকারি কোষাগারে জমা করতঃ তা বাজেট ব্যয়ের প্রতিবেদনে অবশ্যই উল্লেখ করতে হবে।

ঙ। অর্থ খরচের মাসিক প্রতিবেদন এই পত্রের ক্রোড়পত্র ক অনুযায়ী **প্রতি মাসের ০৫ তারিখে** (পূর্ববর্তী মাসের হিসাব) এবং চূড়ান্ত খরচের প্রতিবেদন ক্রোড়পত্র খ অনুযায়ী **১০ জুন ২০২৭ তারিখের** মধ্যে এসএফসি/ এফসি/ এরিয়া এফসি (আর্মি) এর মাধ্যমে রিকনসাইল করতঃ সনদপত্রসহ এই পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

চ। বরাদ্দকৃত অর্থ খরচের ব্যাপারে প্রচলিত আর্থিক বিধি-বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ আরিফ হোসেন
লেঃ কর্নেল
এজি'র পক্ষে

ক্রোড়পত্রঃ

ক। ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য সশস্ত্র বাহিনী দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে বাজেট ব্যয়ের মাসিক প্রতিবেদন।
খ। ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য সশস্ত্র বাহিনী দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে বাজেট ব্যয়ের চূড়ান্ত প্রতিবেদন।

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

- ইমেইল/ ওয়েব মেইলের মাধ্যমে

তালিকা খ